গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল
বিভাগীয় কার্যালয়
www.dncrp.barisaldiv.gov.bd

নম্বর ২৬.০৪.১০০০.৮০১.১৭.০১২.২২.৪১৪

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪৩০
১৬ মে ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: **১৬ মে ২০২৩ তারিখে বরিশাল বিভাগীয় কার্যালয়ের ০২ টি টিম কর্তৃক বরিশাল মহানগরীর হাসপাল রোড ও কাউনিয়া বাজার এলাকায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।**

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বরিশাল বিভাগীয় কার্যালয় কর্তৃক ১৬/০৫/২০২৩ খ্রি: তারিখে উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী ও সহকারী পরিচালক জনাব ইন্দ্রানী দাস এর নেতৃত্বে ০২ টি তদারকি টিম বরিশাল মহানগরীর হাসপাল রোড ও কাউনিয়া বাজার এলাকায় অভিযান পরিচালনা করে । উক্ত অভিযানে উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী হাসপাল রোড এলাকায় খান মেডিকেল হল কে মেয়াদ উত্তীর্ন ঔষধ বিক্রয় বা বিক্রয়ের প্রস্তাব করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৫১ ধারা অনুযায়ী ৭,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করেন। অপরদিকে সহকারী পরিচালক জনাব ইন্দ্রানী দাস কাউনিয়া এলাকায় কাউনিয়া সুপার শপকে পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৮ ধারা অনুযায়ী ২,০০০/- টাকা, মেডিসিন প্লাস কে মেয়াদ উত্তীর্ন ঔষধ বিক্রয় বা বিক্রয়ের প্রস্তাব করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৫১ ধারা অনুযায়ী ৩,০০০/- টাকা এবং হাসপাতাল রোড এলাকায় জামাল স্টোর কে পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা ও পণ্যের মোড়কে উৎপাদন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৭ ও ৩৮ ধারা অনুযায়ী ৩,০০০/- টাকা ও জয় সাহা স্টোর কে মূল্য তালিকা প্রদর্শন না করা ও ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৮ ও ৪০ ধারা অনুযায়ী ৫,০০০/- টাকাসহ সর্বমোট ১৩,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করেন ।আজকের ০২ টি অভিযানে ০৫ টি প্রতিষ্ঠানে সর্বমোট ২০,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় । অভিযান চলাকালে উপস্থিত ভোক্তাদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কিত লিফলেট ও প্যাম্ফলেট বিতরণ করা হয়, হ্যান্ড মাইকে ব্যাপক প্রচার-প্রচারণা ও গণসংযোগ করা হয় এবং পণ্য বা সেবা ক্রয়ে প্রতারিত হলে অধিদপ্তরে অভিযোগ দায়েরের ব্যাপারে উদ্বুদ্ধ করা হয় । বরিশাল মেট্রোপলিটন পুলিশের একটি চৌকস টিমের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে । জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

১৬-৫-২০২৩

অপূর্ব অধিকারী
উপপরিচালক
ফোন: ০২৪৭৮৮৬২০৪২
ইমেইল: dd-barisal@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা ।

২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল ।

৩) পুলিশ কমিশনার, বরিশাল ।

৪) জেলা প্রশাসক, বরিশাল ।

৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল ।

৬) উপজেলা নির্বাহী অফিসার, সদর উপজেলা, বরিশাল।

৭) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল জেলা কার্যালয়।

৮) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয়।

৯) অফিস কপি।